# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-৩২(২৮)জাঃবিঃ/শাঃশিঃওসংস্কৃতি/আন্তঃকলেজ/২০২৪/ ১৫৭৬

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

## জাতীয় পর্যায়ে আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা-২০২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা-২০২৫ এর বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২৩ আগস্ট ২০২৫ তারিখ শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস গাজীপুর-এ অনুষ্ঠিত হবে। ইতোপূর্বে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারী প্রতিযোগী ও চ্যাম্পিয়ন দলকে কলেজ অধ্যক্ষ কর্তৃক ফরওয়ার্ডিং ও নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### প্রতিযোগিতার বিষয় ও সময়সূচী:

| তারিখ | ইভেন্টসমূহ | রিপোর্টিং সময় ও স্থান |
|---|---|---|
| ২৩/০৮/২০২৫ | (১) ক) দেশাত্মবোধক গান, খ) নজরুল গীতি, গ) রবীন্দ্র সংগীত, ঘ) গণসংগীত, ঙ) লোকগীতি, চ) আবৃত্তি, ছ) একক/দ্বৈত অভিনয়, জ) নৃত্য ঝ) সৃজনশীল দলীয় নৃত্য এবং ঞ) উপস্থিত বক্তৃতা<br><br>(২) বিতর্ক প্রতিযোগিতা: দলীয় বিতর্ক<br>বিষয়: ক) কারিগরি শিক্ষার সুযোগ-স্বল্পতাই দক্ষ মানবসম্পদ তৈরির প্রধান অন্তরায় খ) তথ্য প্রযুক্তি প্রয়োগই দারিদ্র বিমোচনের স্থায়ী সমাধান গ) আগামীর সংকট ক্ষুধার নয় পরিবেশের ঘ) দুর্নীতি রোধে আইনের চেয়ে জনসচেতনতাই অধিক কার্যকর ঙ) সামাজিক যোগাযোগ মাধ্যমই পারিবারিক সম্প্রীতির প্রধান অন্তরায় চ) সুশাসন একটি সমাজকে এগিয়ে নেওয়ার হাতিয়ার। | সকাল ০৮:৩০ মিনিট<br>মূল ক্যাম্পাস<br>জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর |

বিশেষ দ্রষ্টব্য :

১. প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে দূরবর্তী জেলা হতে আগত প্রতিযোগী, শিক্ষক প্রতিনিধি ও অভিভাবকবৃন্দের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে ডরমিটরি ভবনে ২২/০৮/২০২৫ তারিখের জন্য আবাসন সুবিধা থাকবে।
২. প্রত্যেক প্রতিযোগীকে কলেজ অধ্যক্ষ কর্তৃক ফরওয়ার্ডিং এ শিক্ষক প্রতিনিধি ও অভিভাবকবৃন্দের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ফরওয়ার্ডিং এর প্রয়োজনীয় ফটোকপি সঙ্গে রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, প্রতিটি ইভেন্টের জন্য কলেজ ফরওয়ার্ডিং আলাদা হবে।
৩. প্রতিযোগীদের পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি, কলেজ আইডি কার্ডের মূল কপি ও ছবিযুক্ত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড/কলেজ আইডি কার্ড ব্যতীত কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।
৪. প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগী যে কোনো ধরনের বিশৃঙ্খলার সাথে জড়িত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. পূর্বের জারিকৃত বিজ্ঞপ্তির (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় শর্তাবলী/নিয়মাবলি কার্যকর হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৭/০৮/২০২৫

(মোহাম্মদ শফিউল করিম)
পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।